

## الْوَلِيُّ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৫৬ তম নাম ‘الْوَلِيُّ’ আজকের আলোচনার বিষয়।

আরবি ভাষায় ‘الْوَلِيُّ’ শব্দের মূল و - ل - ی, এই মূল শব্দ থেকে গঠিত শব্দসমূহ পবিত্র কোরআন মাজিদে ২৩২ বার এসেছে। নিকটবর্তী হওয়া, নিকটবর্তী, ধ্বংস, বন্ধু, উত্তরাধিকারী, অভিভাবক, রক্ষাকর্তা, রাজা ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়েছে। আল্লাহ الْوَلِيُّ অর্থ: ‘তিনি একমাত্র বন্ধু’।

**মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:**

أَلَا إِنَّ أَوْلِيَاءَ اللَّهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦٢﴾

জেনে রেখো, নিশ্চয়ই আল্লাহর অলিদের (বন্ধুদের) কোন ভয় নেই এবং দুঃখ-দুশ্চিন্তাও নেই। (সূরা ইউনুস: আয়াত নং ৬২)

إِنَّ وَلِيَّ اللَّهِ الَّذِي نَزَّلَ الْكِتَابَ وَهُوَ يَتَوَلَّى الصَّالِحِينَ ﴿١٩٦﴾

জেনে রাখো, আমার অলি হলেন আল্লাহ, যিনি কিতাব নাযিল করেছেন আর তিনি তো কেবল পুণ্যবানদের অলি হিসাবেই দায়িত্ব পালন করেন? (সূরা আল আ’রাফ: আয়াত নং ১৯৬)

وَاللَّهُ أَعْلَمُ بِأَعْدَائِكُمْ وَكَفَى بِاللَّهِ وَلِيًّا وَكَفَى بِاللَّهِ نَصِيرًا ﴿٤٥﴾

আল্লাহ আমাদের দুশমনদের সম্পর্কে ভালোভাবেই জানেন। তোমাদের অলী হিসাবে আল্লাহ কাফী (যথেষ্ট) এবং সাহায্যকারী হিসেবেও আল্লাহ কাফী। (সূরা আন নিসা: আয়াত নং ৪৫)

**বুখারী, হাদীসে কুদসী**

আল্লাহর বন্ধুরাই বিজয় লাভ করবে, যে আমার (আল্লাহর) বন্ধুর শত্রু হবে, আমি (আল্লাহ) তার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করব।

## বুখারী শরীফের হাদিস

যে সমস্ত বান্দারা আমার নির্ধারিত ফরজ কাজ ঠিকঠাক মতো আদায় করে সে আমার প্রিয় হয়ে যায়। এবং সে যদি নফল (অতিরিক্ত) কাজ আদায় করে তবে সে আমার আরো নিকটবর্তী হয়ে যায় এবং তাকে আমি ভালোবাসা শুরু করি। যখন আমি তাকে ভালবাসি, তখন আমি তার কান হয়ে যায় যা দিয়ে শুনে, আমি তার চোখ হয়ে যাই যা দ্বারা সে দেখে, আমি তার হাত হয়ে যাই যা দ্বারা সে ধরে, আমি তার পা হয়ে যাই যা দ্বারা সে হাটে। এবং সে আমার কাছে কিছু প্রার্থনা করলে, অবশ্য তা আমি তাকে দিব, এবং সে আমার কাছে আশ্রয় চাইলে আমি তাকে আশ্রয় দান করব।

সুতরাং প্রিয় ভাই ও বোনেরা, আল্লাহকে আমরা একমাত্র অলি হিসেবে গ্রহণ করি। আল্লাহ ও তাঁর রাসূল নির্ধারিত ফরজ গুলো ঠিকঠাক মতো আদায় করি। নফল ইবাদত করলে আমরা আল্লাহর আরো নিকটবর্তী হতে পারব।

আল্লাহর সাথে আমরা কাউকে শরিক না করি। শিরকের পাপ আল্লাহ ক্ষমা করবেন না। আল্লাহ আমাদের সহায় হোন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমাতেল্লাহি ওয়াবাহাকাতেহা